সমকাল

তারিখ 4 JUN 2017
পৃষ্ঠা ... কলাম ...

# ফরিদগঞ্জের ৫৫ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নেই প্রধান শিক্ষক

■ ফরিদগঞ্জ (চাঁদপুর) প্রতিনিধি

ফরিদগঞ্জ উপজেলার দক্ষিণ চররামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১০ বছর ধরে প্রধান শিক্ষক নেই। ফলে সহকারী শিক্ষকরাই নিয়মিত শ্রেণি শিক্ষা কার্যক্রমের পাশাপাশি প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করে যাচ্ছেন। এতে বিঘ্ন ঘটছে শিক্ষার সামগ্রিক মানোন্নয়ন এবং সৃষ্টি হচ্ছে প্রশাসনিক জটিলতা। ফরিদগঞ্জ উপজেলায় এ রকম ৫৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন প্রধান শিক্ষক নেই। বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি ফরিদগঞ্জ উপজেলা শাখার সাধারণ সম্পাদক গিয়াস উদ্দিন কবির বলেন, সরকার নিয়মতান্ত্রিকভাবে প্রধান শিক্ষক পদে পদোন্নতি প্রদান করলে এতগুলো বিদ্যালয় প্রধান শিক্ষকশূন্য থাকত না। প্রাথমিক শিক্ষার বিষয়ে সরকারকে আরও গতিশীল হওয়ার জন্য তিনি আহ্বান জানান।

উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও দক্ষিণ চররামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এসএমসির সভাপতি ওয়াহিদুর রহমান রানা বলেন, প্রধান শিক্ষক না থাকলে একটি বিদ্যালয়ের কী দুর্গতি হয়, এর সাক্ষী তার প্রতিষ্ঠানটিই। তিনি দ্রুত প্রধান শিক্ষকের পদ পূরণের দাবি জানান।

উপজেলা শিক্ষা কর্মকর্তা ফরিদ উদ্দীন আহম্মদ বলেন, এর আগে প্রধান শিক্ষকের পদ শূন্যের বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানো হলেও সম্প্রতি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রধান শিক্ষকের পদ পূরণে ব্যবস্থা করছে। সেই আলোকে কয়েকদিন আগে ফরিদগঞ্জ উপজেলার প্রধান শিক্ষকের পদশূন্য ৫৫টি বিদ্যালয়ের তালিকাসহ আনুষঙ্গিক কাগজপত্র পাঠানো হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর